

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫৪৪

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৪) রুকৃ'-সিজদা পরিপূর্ণ না করা, মেরুদন্ড সোজা করে না দাঁড়ানোর ব্যাপারে ভীতি প্রদর্শন ও একাগ্রতার সাথে নামায আদায় করার ব্যাপারে যে নির্দেশ এসেছে তার বর্ণনা

الترهيب من عدم إتمام الركوع والسجود وإقامة الصلب بينهما وما جاء في الخشوع

আরবী

(صحيح) و عَنْ مُطَرِّفٍ عَنْ أَبِيهِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصلِّي وَفِي صَدْرِهِ أَزِيزُ كَأَزِيزِ الرَّحَى مِنْ الْبُكَاءِ. رواه أبو داود والنسائي

বাংলা

৫৪৪. (সহীহ্) মুতার্রেফ তাঁর পিতা থেকে বর্ণনা করেন। তিনি বলেনঃ 'আমি দেখেছি রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) নামায পড়তেন তখন ক্রন্দনের কারণে তার বক্ষ থেকে যাঁতার মত ঘড়ঘড় আওয়াজ বের হতো।'

(হাদীছটি বর্ণনা করেছেন আবু দাউদ ৯০৪ ও নাসাঈ ৩/১৩, ইবনে খুযায়মা ২/৩৫, ইবনে হিব্বান ৫২২)

তবে নাসাঈর বর্ণনা এরূপঃ

رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُصلِّى وَلِجَوْفِهِ أَزِيزٌ كَأَزِيزِ الْمِرْجَل يَعْنِي يَبْكِي

'আমি দেখেছি রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) নামায পড়তেন, তখন ক্রন্দনের কারণে তাঁর ভিতর থেকে পাতিলের মত ঘড়ঘড় আওয়াজ বের হত।' (অর্থাৎ পাতিলের মধ্যে পানি দিয়ে তা আগুনে ফুটালে যেমন আওয়াজ বের হয় তেমন আওয়াজ বের হত তাঁর মধ্যে থেকে।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ মুতাররিফ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন